

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.২৭.৪২.১৭/১৫২

তারিখঃ ০৪ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার এবং বকেয়া বেতন-ভাতাদি ছাড়করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সদর উপজেলাধীন মাদ্রাসা ভেনু কেন্দ্র সারদা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়, কেন্দ্র কোড ১৫১ হতে ২০১৭ সালের দাখিল পরীক্ষা চলাকালীন সময়ে অসদুপায় অবলম্বনে সহযোগিতা এবং দায়িত্ব পালনে অবহেলা করায় দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেট এর অভিযোগের ভিত্তিতে জেলা প্রশাসক, ফরিদপুর তৎক্ষণাত ব্যবস্থা গ্রহণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব কারিগরি ও মাদ্রাসা বিভাগে প্রেরণ করেছেন। তদালোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক (শাখা-১০) গত ১৪/০২/২০১৭ খ্রি: তারিখে নং-৩৭.০০.০০০০.০৭১.১০.০০৭.০৬ (অংশ)/ ১৭১ স্মারকে নিম্নবর্ণিত ০১ (এক) জন ইবতেদায়ী প্রধান, ০২ (দুই) জন সহকারী মৌলভীসহ মোট ০৩ (তিন) জন শিক্ষকের এমপিও স্থগিত করা হয়েছে এবং তাদের এমপিও কেন স্থায়ী ভাবে বাতিল করা হবে না তার কারণ দর্শানোর জন্য (মাশিঅ)-তে বলা হয়েছে। বর্তমানে উক্ত অভিযোগের সাথে তারা কেহ জড়িত নয় মর্মে তাদের স্থগিতকৃত বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

ক্রমিক নং	নাম, পদবী ও ইনডেক্স নং	কর্মরত প্রতিষ্ঠানের নাম	কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড
১	জনাব মো: আইয়ুব খান, ইবতেদায়ী প্রধান ইনডেক্স নং-৩৩২৬১১	পশ্চিম বিলনালিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর	সারদা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়, কেন্দ্র কোড-১৫১
২	জনাব মো: ওহিদুল ইসলাম সহকারী মৌলভী, ইনডেক্স নং-২০০৭০৭৩	চুনাঘাটা আলিম মাদ্রাসা, উপজেলা-ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর	ঐ
৩	জনাব মনিরুজ্জামান সহকারী মৌলভী, ইনডেক্স-২০২৭৭১৯	গেরদা আইনুল উলুম দাখিল মাদ্রাসা উপজেলা- ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর	ঐ

০২। উপরে বর্ণিত বিভিন্ন মাদ্রাসার ০১ (এক) জন ইবতেদায়ী প্রধান, ০২ (দুই) জন সহকারী মৌলভীসহ মোট ০৩ (তিন) জন শিক্ষকের স্থগিতকৃত বেতন-ভাতার সরকারী অংশ ছাড়করণের বিষয়ে জেলা প্রশাসক ফরিদপুর ও মন্ত্রণালয়ের পত্রের নির্দেশের আলোকে পূহিত ব্যবস্থার অগ্রগতি অথবা কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরার টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ
ইস্কাটান গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪